

সাম্য হত্যা: বিশ্ববিদ্যালয় প্রশাসনের তদন্ত প্রতিবেদন জমা

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৬ মে, ২০২৫ ১০:৫২

শেয়ার

অ +


অ -



ছবি: কালের কষ্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ড তদন্তে গঠিত বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটির প্রতিবেদন জমা দেওয়া হয়েছে। এই কমিটির আহ্বায়ক কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান সোমবার সকালে উপাচার্য ভবনে উপাচার্য অধ্যাপক ড. নিয়জ আহমদ খানের কাছে প্রতিবেদনটি হস্তান্তর করেন।

আরো পড়ুন



‘মানুষের হাড়’ দিয়ে তৈরি মাদকসহ শ্রীলঙ্কায় আটক ব্রিটিশ নারী

এ সময় অন্যদের মধ্যে প্রষ্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও কমিটির সদস্য সচিব সহকারী প্রষ্টর শারমীন কবির উপস্থিত ছিলেন।

যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এই তদন্ত প্রতিবেদন তৈরি করা হয়েছে।

এই প্রতিবেদন পর্যালোচনা করে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানান তদন্ত সংশ্লিষ্টরা।

আরো পড়ুন



উত্তর কোরিয়ার সঙ্গে পুনরায় যোগাযোগের প্রতিশ্রুতি লি জে-মিয়ংয়ের

উল্লেখ্য, গত ১৩ মে দিবাগত রাতে দুর্ব্বলদের আক্রমণে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য নিহত হন। এই ঘটনা তদন্তে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কলা অনুষদের ডিন

অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্রিকুর রহমান খানকে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন।

পরে ব্যারিস্টার নুরুল আজিমকে কমিটিতে কো-অপট করা হয়।

আরো পড়ুন



ঢাকার বাতাদের মান আজ ‘মধ্যম’

কমিটির অন্য সদস্যরা হলেন- আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলাম এবং ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার। সহকারী প্রষ্টর শারমীন কবির কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ডেপুটি রেজিস্ট্রার (তদন্ত) সাচিবিক দায়িত্ব পালন করেন।